

পদোন্নতির বিজ্ঞপ্তি নং- বিএসএমআরএমইউ/রেজি-৩৩৬/২৩/১১২

তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০২৩

পদোন্নতির বিজ্ঞপ্তি

নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহে পদোন্নতির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ (বিএসএমআরএমইউ)-এ স্থায়ীভাবে কর্মরত কর্মকর্তাগণের নিকট হইতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে:

ক্রমিক নং	পদের নাম, বেতনস্কেল ও গ্রেড, পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	উপ-রেজিস্ট্রার (এডমিশন) ৪৩,০০০-৬৯,৮৫০/- (গ্রেড-৫) পদের সংখ্যা: ০১ (এক)	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যেকোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) অভিজ্ঞতা: এই বিশ্ববিদ্যালয়ে সহকারী রেজিস্ট্রার/সমমান পদে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে মোট ১০ বৎসরের চাকুরির অভিজ্ঞতা।
২.	সহকারী পরিচালক (ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড এক্সচেঞ্জ ডিপার্টমেন্ট) ২৯,০০০-৬৩,৪১০/- (গ্রেড-৭) পদের সংখ্যা: ০১ (এক)	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) অভিজ্ঞতা: এই বিশ্ববিদ্যালয়ে পাবলিক রিলেশন্স অফিসার/সেকশন অফিসার/সমমান পদে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ মোট ৫ বৎসর চাকুরির অভিজ্ঞতা।
৩.	হিসাবরক্ষণ কর্মকর্তা ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) পদের সংখ্যা: ০২ (দুই)	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান/ফাইন্যান্স/ম্যানেজমেন্ট/মার্কেটিং/ব্যবসায় শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) অভিজ্ঞতা: এই বিশ্ববিদ্যালয়ে হিসাব সংরক্ষণ কাজে ১০ম গ্রেডে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ মোট ৫ বৎসর চাকুরির অভিজ্ঞতা।

শর্তাবলি:

- ১। অগ্রহী প্রার্থীগণ পদোন্নতির জন্য নির্ধারিত আবেদন ফরম (ফরম-১) পূরণ করত: ৫ (পাঁচ) সেট আবেদনপত্র আগামী ১০ মার্চ ২০২৩ তারিখের মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি (বিএসএমআরএমইউ)-এর অফিসে পৌঁছাইতে হইবে;
- ২। সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে;
- ৩। খামের উপর প্রার্থীত পদের নাম লিখিতে হইবে;
- ৪। আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র ফেরত দেওয়া হইবে না;
- ৫। আবেদনপত্র সংশ্লিষ্ট ফ্যাকাল্টি/বিভাগ/দপ্তর প্রধান কর্তৃক সুপারিশকৃত হইতে হইবে;
- ৬। আবেদনপত্র দাখিলের শেষ তারিখে প্রার্থীর চাকুরির অভিজ্ঞতার সময়সীমা উল্লেখ করিতে হইবে;
- ৭। অসাধারণ ছুটি, বিনা বেতনে ছুটি, লিয়েন সংরক্ষণপূর্বক অন্যত্র চাকুরি ও চাকুরিতে বিরতিকাল পদোন্নতির উদ্দেশ্যে গণনাযোগ্য হইবে না;
- ৮। প্রার্থীর বর্তমান পদে কর্মরত চাকুরিকাল সন্তোষজনক মর্মে ফ্যাকাল্টি/বিভাগ/দপ্তর প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে।



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ